# 37665 - রোযার কারণে ডেন্টাল ব্রেস মুখ থেকে খুলে রাখা আবশ্যক নয়

প্রশ্ন

রোযা অবস্থায় ডেন্টাল ব্রেস খুলে ফেলা কি আবশ্যকীয়? কারণ এটা মুখে থাকা অবস্থায় আমি যখন কথা বলি তখন অনেক লালা বের হয় এবং আমি সেগুলো গিলে ফেলতে বাধ্য হই। আপনারা আমাকে অবহিত করবেন। জাযাকুমুল্লাহু খাইরা।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রোযার কারণে ডেন্টাল ব্রেস খুলে রাখা আবশ্যকীয় নয়। যেহেতু এর থেকে কোন কিছু পেটে যায় না। এটি অধিক লালা বের হওয়ার কারণ বিধায় রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না।

আলেমগণ এই মর্মে ইজমা করেছেন যে, রোযাদারের জন্য মুখের ভেতরে দিরহাম রাখা জায়েয। দিরহাম রাখা জায়েয হওয়ার চেয়ে ডেন্টাল ব্রেস রাখা জায়েয হওয়া অধিক যুক্তিযুক্ত। কারণ প্রয়োজন ছাড়া কেউ ডেন্টাল ব্রেস মুখে রাখে না।

ইমাম আহমাদ বলেন: কোন ব্যক্তি রোযা রেখে তার মুখে কোন দিরহাম বা দিনার রাখলে, যদি সে গলার ভেতরে এটির কোন স্বাদ না পায়; তাহলে এতে কোন অসুবিধা নাই। আর যদি স্বাদ পায় তাহলে এটি রাখা আমার কাছে পছন্দনীয় নয়।[আল-মুগনী (৪/৩৫৯)]

লালা গিলে ফেললে রোযা ভাঙ্গবে না; এমনকি লালা বেশি হলেও।

আল্লাহই সর্বজ্ঞ।